অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/28/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো 4 জুলাই ছুটির দিনে মাতাল অবস্থায় গাড়ি চালানো (DRIVING WHILE INTOXICATED, DWI) এর ব্যাপারে কঠোর ব্যবস্থাস্বরূপ স্টেট পুলিশ মোতায়েনের ঘোষণা দেন

স্টেটব্যাপী অপ্রমত্ততা যাচাইস্থল (Sobriety Checkpoints) পরিচালনা এবং বেপরোয়া ও বিভ্রান্ত চালকদের উদ্দেশ্যে ট্রুপার মোতায়েন করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলো 4 জুলাইয়ের ছুটির দিনে মদ্যপ ও নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানো ও অন্যান্য ট্র্যাফিক আইন লঙ্ঘনের ব্যাপারে কঠোর ব্যবস্থা নিতে টহল ব্যবস্থা বৃদ্ধি করবে যা 29 জুন শনিবার থেকে শুরু হয়ে 5 জুলাই শুক্রবার পর্যন্ত চলবে। স্টেট ট্রুপারগণ ভ্রমণের জন্য অন্যতম সবচেয়ে ব্যস্ততম গ্রীষ্মকালীন ছুটির দিনে নিউ ইয়র্কের মহাসড়কগুলো নিরাপদ রাখার প্রচেষ্টায় অপ্রমত্ততা যাচাইস্থলগুলো পরিচালনা করবেন এবং স্টেটব্যাপী বেপরোয়া ও আগ্রাসী গাড়ি চালকদের আটক করবেন।

"যেহেতু আমরা গ্রীষ্মকালীন ভ্রমণের অন্যতম ব্যস্ততম ছুটির দিনের নিকটবর্তী হচ্ছি, স্টেট পুলিশ ও স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলো ছুটির দিনে সারাদিন আমাদের সড়কগুলোর নিরাপত্তা নিশ্চিত করতে যেকোনো ধরনের দুর্ঘটনাপ্রবণ গাড়ি চালানোর ব্যাপারে কঠোর ব্যবস্থা নেবেন", **গভর্নর কুওমো বলেন।** "আসন্ন দিনগুলোতে ভ্রমণকারী সব মোটর চালকদেরকে সতর্কতার সাথে গাড়ি চালাতে, সিটবেল্ট পরিধান করতে এবং মদ্যপানরত অবস্থায় কখনো গাড়ি না চালাতে আহ্বান জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরেলেট বলেন, "ট্রুপারগণ এই ছুটির দিনে বাইরে সক্রিয় থাকবেন এবং দুর্ঘটনাপ্রবণ, বিভ্রান্ত ও বেপরোয়া মোটর চালকদের প্রতি দৃষ্টি রাখবেন যারা অন্যদেরকে বিপদাপন্ন করে তোলে। আমাদের বার্তা সহজ. মদ্যপানরত অবস্থায় গাড়ি চালাবেন না! দুর্ঘটনাপ্রবণ গাড়ি চালানোর কারণে ঘটা অনর্থক শোকাবহ ঘটনা প্রতিরোধে সাহায্য করুন। নিরাপদ থাকুন এবং এমন কোনো মারাত্মক সিদ্ধান্ত নিবেন না যে কারণে আপনার জীবনের বা অন্য কারো জীবনের ক্ষতি হবে।"

গত বছর, স্টেট পুলিশ 4 জুলাইয়ের ছুটির দিনে প্রায় 10,500 টি যানবাহন ও ট্র্যাফিক টিকেট ইস্যু করে। ট্রুপারগণ মাতাল অবস্থায় গাড়ি চালানোর জন্য 216 জনকে গ্রেফতার করে এবং 165 টি দুর্ঘটনা তদন্ত করে যাতে চারটি মারাত্মক দুর্ঘটনা ঘটে এবং 244 জন আহত হয়।

এই আইন প্রয়োগকালে, চালকগণ বেশ কয়েকটি অপ্রমত্ততা যাচাইস্থল ও DWI টহল প্রত্যাশা করতে পারেন। আইন প্রয়োগকারী বাহিনী এছাড়াও সেসব মোটর চালকদের দিকে নজর রাখবেন যারা গাড়ি চালানোর সময় তাদের ফোন ও অন্যান্য ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করবেন। চালকদের এছাড়াও নিউ ইয়র্কের সড়ক পথে চলাচলের সময় রাস্তার পাশে থেমে থাকা জরুরি ও বিপদাপন্ন যানবাহনকে "জায়গা ছেড়ে দেয়ার" ব্যাপারেও মনে রাখবেন।

ট্রুপাররা এই কার্যক্রমের অংশ হিসেবে স্টেট পুলিশের চিহ্নিত যান এবং পরিচয় লুকানো ট্র্যাফিক এনফোর্সমেন্ট (Concealed Identity Traffic Enforcement, CITE) যানবাহন উভয়ই ব্যবহার করবেন। CITE যানবাহনগুলি ট্রুপারদের গাড়ি চালানোর সময় ছোট ডিভাইস রাখা মোটর চালকদের আরও সহজে চিহ্নিত করার সুযোগ করে দেয়। এই যানগুলি স্বাভাবিক ট্র্যাফিকের সাথে মিশে যেতে পারে, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যায়।

DMV কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক সেফটি কমিটির (Governor's Traffic Safety Committee, GTSC) সভাপতি জে. এফ. স্কুডার বলেন, "যখন মোটরগাড়ি চালকগণ এই গ্রীষ্মে, বিশেষ করে ছুটির দিনে রাস্তায় নামবেন তখন আমি সবাইকে দায়িত্ব নিয়ে গাড়ি চালাতে উৎসাহিত করছি। গাড়ি চালানোর সময় বেপরোয়া আচরণ আপনাকে, আপনার যাত্রীকে এবং রাস্তার সবাইকে বিপদাপন্ন করে। এই ছুটির দিনের ব্যস্ত ভ্রমণকালে আমাদের সড়কপথের নিরাপত্তা নিশ্চিত করার জন্য আমি আমাদের স্টেট ও স্থানীয় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের প্রশংসা করছি।"

গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটি (GTSC) চৌঠা জুলাইয়ের উদ্যোগে আংশিক অর্থায়ন করেছে। GTSC এবং নিউ ইয়র্ক স্টেট STOP-DWI ফাউন্ডেশন (New York State STOP-DWI Foundation) মোটর চালকদের মনে করিয়ে দেয় যে অ্যাপল, ড্রয়েড এবং উইন্ডোজ স্মার্টফোনের জন্য তাদের "একটি প্ল্যান আছে" মোবাইল অ্যাপ পাওয়া যায়। অ্যাপটি নিউ ইয়র্কবাসীদের একটি ট্যাক্সি বা রাইডশেয়ার পরিষেবা ডাকতে এবং একটি মনোনীত চালকের তালিকা সক্রিয় করার সুযোগ দেয়। এছাড়াও এটি DWI আইন এবং জরিমানা সম্পর্কে তথ্য প্রদান করে এবং একটি সন্দেহভাজন দুর্ঘটনাপ্রবণ চালক সম্পর্কে রিপোর্ট করার একটি উপায় প্রদান করে।

আপনি যদি মদ্যপ বা নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালান, আপনি শুধু আপনার ও অন্যদের জীবনকে ঝুঁকিতে ফেলছেন তা না, আপনি গ্রেফতার, কারাভোগ এবং যথেষ্ট পরিমাণ জরিমানা ও উকিলের খরচের সম্মুখীন হতেও পারেন। মদ্যপানরত অবস্থায় গাড়ি চালানোর ফলে গ্রেফতারে গড়ে 10,000 মার্কিন ডলার মতো খরচ হয়।

মদ্যপ ও নেশাগ্রস্ত অবস্থায় গ্রেফতারকৃত চালকগণ তাদের ড্রাইভিং লাইসেন্স হারানো, উচ্চ বীমা হার এবং উকিলের খরচ, জরিমানা ও আদালতি খরচ, গাড়ি টানা ও মেরামত এবং কর্মঘন্টা হারানো সহ ডজনখানেক অপ্রত্যাশিত ব্যয়ের সম্মুখীন হয়।

মদ্যপানরত অবস্থায় গাড়ি চালানো রোধে নিউ ইয়র্ক স্টেট পুলিশ, GTSC ও NHTSA নিম্নের সহজ পরামর্শগুলির মেনে চলার সুপারিশ করে:

- মজা শুরু করার আগেই বাড়ি ফেরার নিরাপদ উপায় পরিকল্পনা করুন;
- পান শুরু করার আগে, পান করবে না এমন একজন গাড়িচালক নির্ধারণ করুন;
- আপনি যদি মাতাল হন, ট্যাক্সি সেবা ব্যবহার করুন, আপনার মাতাল নয় এমন বন্ধু বা পরিবারের সদস্যকে কল করুন, বা গণপরিবহন ব্যবহার করুন;
- আপনার কমিউনিটির মাতাল-নয়-এমন রাইড প্রোগ্রাম ব্যবহার করুন;
- আপনি যদি রাস্তায় কোনো মাতাল বা দুর্ঘটনাপ্রবণ গাড়িচালক দেখেন, তাহলে দ্বিধাহীনভাবে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে যোগাযোগ করুন;
- আপনি যদি এমন কাউকে চেনেন যিনি মাতাল অবস্থায় গাড়ি চালাতে যাচ্ছেন, তাহলে তাদের চাবি নিয়ে নিন এবং অন্য কোনো ব্যবস্থায় যাতে তারা নিরাপদে গন্তব্যে পৌঁছাতে পারে তার জন্য তাদের সাহায্য করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন